দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN 4, 1999

পৃষ্ঠা ১০ কলাম ৬

579

শিক্ষকের বিবৃতি

# 'ভার্সিটিতে যৌন নিপীড়নের ঘটনায় আমরা উদ্বিগ্ন'

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৮০ শিক্ষক এক যুক্ত বিবৃতিতে বলেছেন, ঢাকা ভার্সিটিতে যৌন নিপীড়নের ঘটনায় আমরা উদ্বিগ্ন। এটা উচ্চ শিক্ষার জন্য চরম লজ্জা ও কলঙ্কজনক। আমরা যৌন নিপীড়নবিরোধী মিছিলের ওপর হামলার দায় এড়াতে পারি না। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও এই হামলার দায় এড়াতে পারে না। বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন, অধ্যাপক হাসান আজিজুল হক, অধ্যাপক জুলফিকার মতিন, সেলিম রেজা নিউটন, কাবেরী গায়েন, দুলাল চন্দ্র বিশ্বাস, মশিউর রহমান, তানজীভ আহমেদ ও খাদেমুল ইসলাম প্রমুখ।